



চট্টগ্রাম প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়

চট্টগ্রাম-৪৩৪৯।

স্মারক নং-/ চুয়েট/ ভিসি অফিস/ কোঅর্ডিনেশন-৩৩/৮৭৭

১৩ চৈত্র, ১৪৩০ বঙ্গাব্দ
২৭ মার্চ, ২০২৪ খ্রিস্টাব্দ


-: বাংলা নববর্ষ-১৪৩১ উদযাপন সংক্রান্ত বিজ্ঞপ্তি:-

এতদ্বারা সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের নির্দেশনা অনুসরণে চট্টগ্রাম প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়-এর ব্যবস্থাপনায় আগামী ০১ বৈশাখ ১৪৩১ বঙ্গাব্দ, ১৪ এপ্রিল, ২০২৪ খ্রি:, রবিবার, বাংলা নববর্ষ উদযাপিত হতে যাচ্ছে। উক্ত দিন সকাল ০৯:০০ ঘটিকায় জাতিসংঘের সংস্থা ইউনেস্কো কর্তৃক বিশ্বের গুরুত্বপূর্ণ 'Intangible Cultural Heritage'- এর তালিকায় অন্তর্ভুক্ত 'মঙ্গল শোভাযাত্রা' অনুষ্ঠিত হবে। অত্র বিশ্ববিদ্যালয়ের মাননীয় উপাচার্য অধ্যাপক ড. মোহাম্মদ রফিকুল আলম মহোদয় এর নেতৃত্বে অনুষ্ঠিতব্য এই উৎসবমুখর মঙ্গল শোভাযাত্রা উপাচার্য অফিসের সম্মুখ থেকে শুরু হয়ে ক্যাম্পাসের বিভিন্ন সড়ক প্রদক্ষিণ করবে।

উক্ত মঙ্গল শোভাযাত্রায় অত্র বিশ্ববিদ্যালয়ের সকল শিক্ষক, কর্মকর্তা, কর্মচারী এবং ছাত্র-ছাত্রীদেরকে অংশগ্রহণের জন্য আমন্ত্রণ জানানো হচ্ছে।

বি:দ্র: উক্ত মঙ্গল শোভাযাত্রায় অংশগ্রহণের নিমিত্তে চট্টগ্রাম শহর থেকে একটি বাস সকাল ০৭:৪৫ ঘটিকায় চুয়েট ক্যাম্পাসের উদ্দেশ্যে ছেড়ে আসবে এবং আবাসিক এলাকা থেকে গমনাগমনের সুবিধার্থে উত্তর গোল চত্বর থেকে আরেকটি বাস সকাল ০৮:৪৫ ঘটিকায় ছেড়ে আসবে। শোভাযাত্রা শেষে উভয় বাস প্রত্যাবর্তন করবে।

উপাচার্য মহোদয়ের অনুমোদনক্রমে-


২৭/০৩/২৪

(অধ্যাপক ড. শেখ মোহাম্মদ হামায়ুন কবির)

রেজিস্ট্রার (অতিরিক্ত দায়িত্ব)

চট্টগ্রাম প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়।

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণার্থে অনুলিপি (সিনিয়রিটির ভিত্তিতে নহে):

- ১। সকল ডীন, সকল ইনস্টিটিউট পরিচালক, বিভাগীয় প্রধান, অন্যান্য পরিচালক, প্রভোস্ট, অফিস প্রধান, শাখা প্রধান (ইহা তাঁর অফিস ও শাখায় সংশ্লিষ্ট সকলের মাঝে প্রচারের অনুরোধ সহকারে), চুয়েট।
- ২। পরিচালক (আইআইসিটি), (বিজ্ঞপ্তিটি ওয়েবসাইটে আপলোডের ব্যবস্থা গ্রহণের অনুরোধ সহকারে), চুয়েট।
- ৩। প্রধান প্রকৌশলী (উক্ত দিনে উপাচার্য অফিসের সম্মুখে সকাল ০৯:০০ ঘটিকা থেকে “এসো হে বৈশাখ” গানটি বাজানো এবং শোভাযাত্রার সাথে গাড়ি সহযোগে বাজানোর ব্যবস্থা গ্রহণের অনুরোধ সহকারে), চুয়েট।
- ৪। সভাপতি ও সাধারণ সম্পাদক, শিক্ষক সমিতি, কর্মকর্তা সমিতি, কর্মচারী সমিতি, স্টাফ ওয়েলফেয়ার কমিটি, চুয়েট ক্লাব, কর্মচারী ক্লাব।
- ৫। পিএস টু ভিসি (উপাচার্য মহোদয়ের সদয় জ্ঞাতার্থে), চুয়েট।
- ৬। পিও টু প্রো-ভিসি (উপ-উপাচার্য মহোদয়ের সদয় জ্ঞাতার্থে), চুয়েট।
- ৭। পিও টু রেজিস্ট্রার (রেজিস্ট্রার মহোদয়ের সদয় জ্ঞাতার্থে), চুয়েট।
- ৮। সংরক্ষণ নথি।


২৭/০৩/২৪

(মোহাম্মদ কজলুর রহমান)

উপ-পরিচালক (জনসংযোগ)

চট্টগ্রাম প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়।